প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েব সাইটে প্রদর্শিত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত প্রতিশ্রুতি এবং নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন

ডিসেম্বর/২০২২

শিল্প মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির সংখ্যা ১০টি এবং নির্দেশনার সংখ্যা ৬০টি। উক্ত ১০টি প্রতিশ্রুতির মধ্যে ২টি প্রতিশ্রুতি বাস্তবায়িত হয়েছে এবং ৮টি প্রতিশ্রুতি বাস্তবায়নাধীন রয়েছে। ৬০টি নির্দেশনার মধ্যে ইতিমধ্যে ৩৫টি বাস্তবায়িত হয়েছে এবং ২৫টি নির্দেশনা বতর্মানে বাস্তবায়নাধীন আছে।

বাস্তবায়নাধীন ৮টি প্রতিশ্রুতির বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

ক্রঃ নং	প্রদত্ত প্রতিশ্রুতি ও প্রতিশ্রুতি প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫
০১.	টাংগাইল শিল্প পার্ক স্থাপন। **(প্রতিশ্রুতি নং-১)** ৩০/৬/২০১২ খ্রি.	• প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য বিসিক শিল্পপার্ক টাঙ্গাইল শিরোনামে মির্জাপুর উপজেলার গোড়াই মোমিননগর মৌজায় ৪৯.৩৫ একর জমি নিয়ে ১৬৪.০০ কোটি টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণ করা হয়। উল্লেখ্য গত ১৮-০৬-২০১৯ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পের ১ম সংশোধন অনুমোদিত হয় এবং সংশোধিত প্রকল্প ব্যয় ২৯৫.৭৫ কোটি টাকা। **মেয়াদ**: জুলাই ২০১৫ হতে জুন ২০২২ পর্যন্ত।	• ১ম সংশোধিত অনুমোদিত ডিপিপির অনুযায়ী প্রকল্পের মাটি ভরাট কাজ সম্পন্ন হয়েছে। • প্রকল্পের আওতায় অধিগ্রহণকৃত জায়গায় বিদ্যমান গাছপালা নিলামের মাধ্যমে বিক্রয় করা হয়। বিক্রয়কৃত অর্থ বিসিক তহবিলে জমা দেয়া হয়েছে। • প্রকল্পের জমিতে অবস্থিত ঘরবাড়ি ও অন্যান্য স্থাপনাসমূহ অপসারণ করা হয়েছে। • প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধিসহ সংশোধন প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে ১৬-০১-২০২৩ তারিখ পিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত পিইসি সভায় প্রকল্পের মেয়াদ জুন ২০২৫ পর্যন্ত বৃদ্ধিসহ সংশোধন প্রস্তাব অনুমোদিত হয়। • ২০২২-২৩ অর্থবছরে এডিপি বরাদ্দ ৯৭০.০০ লক্ষ টাকা। • প্রকল্পের শুরু হতে এ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৩৫৬৭.৪৬ লক্ষ টাকা। প্রকল্পের ভৌত অগ্রগতি ১৪.২৮% এবং আর্থিক অগ্রগতি ৭৯.৬৯%।	বিসিক
০২.	দক্ষিণাঞ্চল বিশেষ করে বরগুনাতে সুবিধাজনক স্থান চিহ্নিত করে জাহাজ নির্মাণ ও পুনঃ প্রক্রিয়াজাতকরণ শিল্প গড়ে তুলতে হবে। পায়রা বন্দরের নিকট ড্রাইডক নির্মাণ করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। **(প্রতিশ্রুতি নং-২)** ২২/০২/২০১১ খ্রি.	• মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বরগুনা জেলার তালতলী উপজেলার ছোট নিশানবাড়িয়া মৌজায় আধুনিক ও টেকসই পরিবেশবান্ধব জাহাজ পুনঃপ্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের জন্য ১০৫.৫০ একর জমি চিহ্নিত করা হয়েছে। জমি অধিগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, বরগুনা বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এটি বাস্তবায়নের জন্য শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) এর অনুকূলে প্রশাসনিক আদেশ দেয়া হয়েছে। • বরগুনায় সুবিধাজনক স্থান চিহ্নিত করে জাহাজ নির্মাণ ও পুনঃপ্রক্রিয়াকরণজাত শিল্প গড়ে তোলার লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য "Feasibility Study of Environment Friendly Ship Re-cycling Industry at Taltali Upazila in Barguna District" শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। মেয়াদ: অক্টোবর ২০১৮ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত।	• অনুমোদিত প্রকল্প ব্যয় : ৪৯৮.০০ লক্ষ টাকা এবং প্রকল্পের অনুকূলে ক্রমপুঞ্জিত ব্যয় ২৯০.৫৯ লক্ষ টাকা। • **বরগুনা জেলার তালতলী উপজেলায় পরিবেশ বান্ধব জাহাজ পুন:প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনঃ** • পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত ফিজিবিলিটি স্টাডি যাচাই বাছাই এর জন্য গত ২৭/০৩/২০২২ তারিখ বুয়েটে প্রেরণ করা হয়। বুয়েট গত ২৮/০৬/২০২২ তারিখে Revised ToR বিএসইসিতে প্রেরণ করেছে। Revised ToR অনুযায়ী ফিজিবিলিটি স্টাডি ও ডিপিপি প্রণয়নের নিমিত্ত আর্থিক প্রস্তাব প্রদানের জন্য গত ২৮/০৭/২০২২ তারিখ বুয়েটকে পত্র প্রদান করা হয়। বুয়েট হতে Revised ToR অনুযায়ী সম্ভাব্যতা সমীক্ষা করতে হলে আনুমানিক ১৫ কোটি টাকা প্রয়োজন হতে পারে। বুয়েটের সম্ভাব্যতা সমীক্ষার ফি বেশী হওয়ায় শিল্প মন্ত্রণালয়ের আগস্ট ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী অবশিষ্ট সম্ভাব্যতা যাচাই কাজের জন্য বিএসইসি কর্তৃক গত ২০/০৯/২০২২ তারিখে IWM এর নিকট আর্থিক প্রস্তাব প্রেরণের জন্য পত্র প্রদান করা হয়। গত ০৩/১০/২০২২ তারিখে IWM কর্তৃক ৩,১৬,২৩,৯৩৯.০০ টাকার আর্থিক প্রস্তাব প্রেরণ করা হয়। গত ১১/১০/২০২২ তারিখে নেগোসিয়েশন সভায় IWM কর্তৃক ২,৯৮,৪৫,০৯৭.০০ টাকার সংশোধিত আর্থিক প্রস্তাব অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। • বরগুনা জেলার তালতলী উপজেলায় পরিবেশবান্ধব জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনের লক্ষ্যে প্রকল্পের ত্রুটিপূর্ণ/অবশিষ্ট কাজ সম্পাদনের জন্য বিএসইসি এবং পরামর্শক প্রতিষ্ঠান IWM এর সহিত ২৪-১১-২০২২ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। IWM কে প্রকল্প এলাকা বুঝিয়ে দেয়া হয়েছে। ইতোমধ্যে IWM জরিপ কাজ শুরু করেছে। আগামী ২৩/০৪/২০২৩ তারিখের মধ্যে জরিপ কাজ শেষ হবে।	বিএসইসি

ক্রঃ নং	প্রদত্ত প্রতিশ্রুতি ও প্রতিশ্রুতি প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫
০৩.	কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে রাঙ্গাবালি উপজেলার বড়বাইশদিয়া ইউনিয়নে জাহাজমারাচর পয়েন্টে জাহাজ ভাঙ্গা শিল্প স্থাপন এবং শিপইয়ার্ড নির্মাণ। **(প্রতিশ্রুতি নং-৩)** ২৫/০২/২০১২ খ্রি.	• মাননীয় প্রধানমন্ত্রী ২৫.০২.২০১২ তারিখ পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার এমবি কলেজ মাঠে অনুষ্ঠিত একজন সভায় 'কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পটুয়াখালী জেলায় জাহাজ নির্মাণ শিল্প স্থাপনের প্রতিশ্রুতি প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর এ প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে এ শিল্প স্থাপনের নিমিত্ত অর্থনৈতিক ও ভৌগোলিক কারণে এবং নৌবাহিনীর সুপারিশের প্রেক্ষিতে পায়রা বন্দর এলাকাকে বাছাই করা হয়েছে। এটি বাস্তবায়নের জন্য শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) এর অনুকূলে প্রশাসনিক আদেশ দেয়া হয়েছে। • জমি অধিগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত জমির CS, RS, BS পর্চা ও জমির তথ্য জেলা প্রশাসক, পটুয়াখালী-এর কার্যালয় হতে সংগ্রহ করা হয়েছে। পাশাপাশি এ বিষয়ে পায়রা বন্দর কর্তৃপক্ষের অনাপত্তিপত্র ৩১.০১.১৯ তারিখে পাওয়া গেছে। • নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটি প্রস্তাবিত স্থানটি পরিদর্শনপূর্বক জাহাজ নির্মাণ ও মেরামত শিল্প স্থাপনের জন্য শিল্প মন্ত্রণালয়ের চাহিত ১০৫.০৫ একরের পরিবর্তে ১০০.০০ একর জমির অনাপত্তি প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে।	**<u>পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলায় পায়রা বন্দর এলাকায় জাহাজ নির্মাণ ও মেরামত শিল্প স্থাপনঃ</u>** • পটুয়াখালীতে একটি আন্তর্জাতিক মানের জাহাজ নির্মাণ কারখানা স্থাপনের লক্ষ্যে Gentium Damen Consortium (GDC)-কর্তৃক সম্পাদিত ফিজিবিলিটিস্টাডি মূল্যায়নের নিমিত্ত শিল্প মন্ত্রণালয়ে একটি কমিটি গঠন করা হয়। • কমিটি'র সিদ্ধান্ত অনুযায়ী বিএসইসি কর্তৃক ১টি কারিগরি ও ১টি আর্থিক কমিটি গঠন করা হয়েছে। প্রতিবেদনদ্বয় পর্যালোচনার লক্ষ্যে মন্ত্রণালয়ে গত ০৯/০৫/২০২২ তারিখ একটি সভা অনুষ্ঠিত হয়েছে। • গত ২৬/০৭/২০২২ তারিখে বিএসইসি'র সভাকক্ষে বিএসইসি, GDC এবং শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধির মধ্যে আন্তর্জাতিক মানের জাহাজ নির্মাণ শিল্প স্থাপনের লক্ষ্যে নেগোসিয়েশন সভা অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে GDC ও BSEC এর সংগে JV কোম্পানি গঠনের প্রক্রিয়া চলমান রয়েছে।	বিএসইসি
০৪.	চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলায় বিসিক শিল্পনগরী স্থাপন। **(প্রতিশ্রুতি নং-৪)** ১৮/০২/২০১২ খ্রি.	প্রতিশ্রুতি অনুযায়ী সন্দ্বীপ উপজেলার মুছাপুর ইউনিয়নের জমিটি দুই ফসলী হওয়ায় সন্দ্বীপ উপজেলার অন্যত্র অধিগ্রহণ উপযোগী জমি পুনঃনির্ধারণের জন্য প্রাথমিক সম্ভাব্যতা যাচাইয়ের নিমিত্ত কমিটি গঠন করা হয়েছে। <u>মেয়াদ:</u> জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।	• ২১-০৩-২০২১ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। • পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী নতুন করে প্রকল্পের সম্ভাব্যতা যাচাইকরণের নিমিত্ত গঠিত কর্তৃক প্রতিবেদন দাখিল করা হয়। পরবর্তীতে শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধিদল প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে প্রস্তাবিত স্থানটি দুই ফসলী হওয়ায় একই উপজেলার নতুন জায়গা নির্বাচনের সুপারিশ করা হয়। • সন্দ্বীপ উপজেলার অন্য কোন স্থানের অধিগ্রহণ উপযোগী জমি সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সহযোগিতায় পুনঃনির্ধারণের জন্য কমিটি গঠন করা হয়েছে। • কমিটির সুপারিশ অনুযায়ী সন্দ্বীপ উপজেলার মগধরা মৌজায় ১০.৩৩ একর জমি বরাদ্দের সম্মতি প্রদানের লক্ষ্যে ০৮-১১-২০২২ তারিখে জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। • নতুন জায়গার সম্মতি পাওয়া সাপেক্ষে ডিপিপি প্রণয়ন কার্যক্রম চলমান আছে।	বিসিক
০৫.	সিরাজগঞ্জকে ইকোনোমিক জোন হিসেবে গড়ে তোলা এবং সিরাজগঞ্জে শিল্পপার্ক স্থাপন করা। **(প্রতিশ্রুতি নং-৬)** ০৯/০৪/২০১১ খ্রি.	প্রতিশ্রুতি অনুযায়ী বিসিক শিল্পপার্ক, সিরাজগঞ্জ শিরোনামে কালিয়া হরিপুর ও বনবাড়িয়া ইউনিয়নের মোরগ্রাম, টালটিয়া, পূর্ব মোহনপুর, ছাতিয়াল তলা, বনবাড়িয়া ৫টি মৌজায় ৪০০ একর জমি নিয়ে মোট ৭১৯.২১ কোটি টাকা ব্যয়ে ৩য় সংশোধিত মেয়াদে প্রকল্প বাস্তবায়ন কাজ চলমান। <u>মেয়াদ:</u> জুলাই ২০১০ হতে জুন ২০২৩ পর্যন্ত।	• প্রকল্পের আওতায় মাটি ভরাট কাজ ১০০%, বাউন্ডারি ওয়াল ৮২%, লেক রিজার্ভার নির্মাণ কাজ ৫০%, অফিস ভবন নির্মাণ কাজ ৯৮%, ডাম্পিং ইয়ার্ড নির্মাণ কাজ ৭৫%, পাম্প ড্রাইভার কোয়ার্টার (পাম্প হাউজসহ) নির্মাণ কাজ ৭২%, ড্রেন নির্মাণ কাজ ৩০%, পানির পাইপ লাইন নির্মাণ কাজ ৮৫%, গভীর নলকূপ নির্মাণ কাজ ৭০%, রাস্তা নির্মাণ কাজ ৪০%, বাউন্ডারি ওয়ালের অবশিষ্ট অংশের নির্মাণ ৫০% সম্পন্ন হয়েছে। • প্রকল্পের মেইন গেইট নির্মাণ কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। শীঘ্রই নির্মাণ কাজ শুরু হবে। • গ্যাস লাইন স্থাপনের জন্য ২০২১-২২ অর্থবছরে বিসিক হতে ৭৫,৮৩,০৫,০০০.০০ (পঁচাত্তর কোটি তিরাশি লক্ষ	বিসিক

ক্রঃ নং	প্রদত্ত প্রতিশ্রুতি ও প্রতিশ্রুতি প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫
			পাঁচ হাজার) টাকা পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী বরাবর ডিপোজিট করা হয়েছে। এছাড়া বিদ্যুৎ লাইন স্থাপন কাজের জন্য ২০২১-২২ অর্থবছরে ৫০,০০,০০,০০০.০০ (পঁঞ্চাশ কোটি) নেসকো বরাবর ডিপোজিট করা হয়েছে। ● প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৪৯৩.৪৫ কোটি টাকা। ● আর্থিক অগ্রগতির হার ৬৮.৬১% এবং ভৌত অগ্রগতির হার ৮২%।	
০৬.	খুলনা নিউজপ্রিন্ট মিলসহ বন্ধ পাটকলগুলো পুনরায় চালুকরণ এবং বিসিআইসি'র অধীনে দাদা ম্যাচ ফ্যাক্টরি পুনরায় চালুকরণ। **(প্রতিশ্রুতি নং-৭)** ০৫/৩/২০১১ খ্রি.	**(১) খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লি.:** বন্ধ ঘোষিত খুলনা নিউজপ্রিন্ট মিলস লি. এর অব্যবহৃত ৫০ একর জমি নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোং লি. (নওপাজেকো)-এর নিকট বিক্রির সিদ্ধান্ত হয়। এ বিষয়ে ১১-১২-২০১৮ তারিখে খুলনা নিউজ প্রিন্ট মিলস লি. এর অনুকূলে ২৫৪.৪২ কোটি (দুইশত চুয়ান্ন কোটি বিয়াল্লিশ লক্ষ) কোটি টাকার চেক হস্তান্তর পরবর্তীতে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। নওপাজেকো জমি ও স্থাপনার সমুদয় ৫৮৬.৫২ কোটি টাকার মধ্যে অবশিষ্ট অর্থ ২০১৯-২০২০ অর্থ বছরের মধ্যে পরিশোধ করবে। সমুদয় অর্থ পরিশোধের পরে ৫০ একর জমি নওপাজেকো'র অনুকূলে সাফ কবলা মূল্যে রেজিষ্ট্রেশন সম্পাদন করা হবে। উল্লেখ্য, নওপাজেকো এর নিকট বিক্রয়ের পর অবশিষ্ট থাকবে (৮৭.৬১-৫০.০০) = ৩৭.৬১ একর জমি। **(২) <u>দাদা ম্যাচ ওয়ার্কস :</u>** মেসার্স ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোম্পানি লি. এর বেসরকারি শেয়ার হোল্ডারগণ কর্তৃক প্রস্তাবিত বেসরকারি মালিকানাধীন ৭০ শতাংশ শেয়ার একটি অডিট ফার্মের মাধ্যমে বর্তমান বাজার মূল্য যাচাই করে ধার্যকৃত মূল্য পরিশোধ করে সরকারের অনুকূলে নেয়া অথবা অনুরূপ মূল্যের ভিত্তিতে সরকারি মালিকানাধীন ৩০ শতাংশ শেয়ার ৭০ শতাংশ শেয়ারধারী বেসরকারি শেয়ারহোল্ডারগণের অনুকূলে হস্তান্তরের মাধ্যমে সরকারি বিনিয়োগ প্রত্যাহার করার বিষয়ে শিল্পসচিব মহোদয়ের সভাপতিত্বে ১৯/০৩/২০১৮ তারিখ শিল্প মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। • উক্ত সভার সিদ্ধান্ত মতে ২৪/০৬/২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সার-সংক্ষেপ প্রেরণ করা হলে বর্ণিত বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা গ্রহণের পরিবর্তে ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লি. এর সমস্যা নিরসনের লক্ষ্যে মন্ত্রণালয়ের মতামত সম্বলিত পত্র প্রেরণের জন্য নির্দেশনা পাওয়া গেছে। • নির্দেশনা মতে গত ০৯/০৮/২০১৮ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে শিল্প মন্ত্রণালয় হতে একটি পত্র প্রেরণ করা হলে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখের পত্রে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের জন্য এ মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে:	**(১) খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লি .:** ● কেএনএমএল এবং নর্থ ওয়েষ্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিমিটেড (নওপাজেকো) এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক মোতাবেক মোট ৫৮৬.৫২ কোটি টাকা পরিশোধ করার কথা থাকলেও নওপাজেকো ২৫৪.৪২ কোটি টাকা পরিশোধ করেছে। ● অবশিষ্ট ৩৩২.১০ কোটি (তিনশত বত্রিশ কোটি দশ লক্ষ) টাকা পরিশোধের জন্য শিল্প মন্ত্রণালয় হতে একাধিকবার পত্র প্রেরণ করা হয়। এ ছাড়া অর্থ পরিশোধের জন্য কেএনএম থেকে ০২-০১-২০২৩ তারিখে প্রধান নির্বাহী কর্মকর্তা, নওপাজেকো বরাবর তাগিদ পত্র (২৫তম) প্রেরণ করা হয়েছে। ● নওপাজেকো-এর নিকট বিক্রির পর খুলনা নিউজপ্রিন্ট মিলস এর ৩৭.৬১ একর জমি ও হার্ডবোর্ড মিলের অবশিষ্ট ৪.৭০ একর জমি একীভূত করে জমির পরিমাণ হয় (৩৭.৬১+৪.৭০)= ৪২.৩১ একর । উক্ত জমিতে নতুন নিম্নোক্ত কারখানা নির্মাণের লক্ষ্যে Techno-Economic Feasibility Study সম্পাদনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছেঃ • 1. Integrated Paper Mill or 2. Starch Factory or 3. API Complex এ লক্ষ্যে Expression of Interest (EoI) আহবানের পরিপ্রেক্ষিতে প্রাপ্ত প্রস্তাবনাসমূহের কারিগরি ও আর্থিক মূল্যায়নের ভিত্তিতে (QCBS) সর্বোচ্চ স্কোর অর্জনকারী প্রতিষ্ঠান WASO Engineers & Consultants (BD) Ltd. এর সাথে গত ০৪-১২-২০২২ তারিখে Contract Agreement স্বাক্ষরিত হয়। গত ১৫-১২-২০২২ তারিখ থেকে পরামর্শক প্রতিষ্ঠান কার্যক্রম শুরু করেছে। **<u>(২) দাদা ম্যাচ ওয়ার্কস :</u>** ● ২০ সেপ্টেম্বর ২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ "ক) ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লিঃ এর ঢাকা ও খুলনাস্থ জমি দু'টির বর্তমান বাজার দর হালনাগাদ দায়-দেনা/ব্যাংক ঋণ, এ কোম্পানি/ প্রতিষ্ঠান সংক্রান্ত মামলাসমূহের সর্বশেষ অবস্থা কোম্পানিটি চলমান অবস্থায় সর্বশেষ অডিট রির্পোট এবং এর বর্তমান অডিট রির্পোট অতিদ্রুত সংগ্রহ করতে হবে। (খ) ঢাকা ম্যাচ ইন্ডাষ্ট্রিজ কোং লিঃ এর বেসরকারি শেয়ারহোল্ডার কর্তৃক দাখিলকৃত ফিজিবিলিটি রিপোর্ট সংক্রান্ত বিষয়টি দ্রুত নিষ্পত্তির স্বার্থে বেসরকারি শেয়ার হোল্ডার কর্তৃক প্রস্তাবিত প্রকল্পদ্বয় জয়েন্ট ভেঞ্চারে বাস্তবায়ন ও প্রকল্পদ্বয় অনুমোদনে এ মন্ত্রণালয় নীতিগত ভাবে সম্মত কিনা সে বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা/সিদ্ধান্ত গ্রহণপূর্বক বেসরকারি শেয়ার হোল্ডারগণ-কে জানানো যেতে পারে। ২০ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার "ক" সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত বিসিআইসি কর্তৃক ইতোমধ্যে ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লিঃ, অগ্রনী ব্যাংক লিঃ, সাব-রেজিস্ট্রার ডেমরা/খুলনা সদর/রুপসা-কে পত্র প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে সাব-রেজিস্ট্রার, রুপসা ও ঢাকা ম্যাচ ইন্ডাষ্ট্রিজ কোং লিঃ হতে চাহিত তথ্য পাওয়া গেছে। সাব-রেজিস্ট্রার, খুলনা; সাব-রেজিস্ট্রার, ডেমরা ও অগ্রনী ব্যাংক লিঃ হতে চাহিত তথ্য না পাওয়ায় পুনরায় তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে।	বিসিআইসি

ক্রঃ নং	প্রদত্ত প্রতিশ্রুতি ও প্রতিশ্রুতি প্রদানের সময়	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫
		(ক) ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লি. এর দায়-দেনা ও শেয়ারের বিষয়টি একটি প্রতিষ্ঠিত অডিট ফার্ম দিয়ে অডিট করাতে হবে; (খ) এ ছাড়া জমি এবং ব্যাংকের ঋণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলো আরো পরীক্ষা-নিরীক্ষা করে পুনরায় শিল্প মন্ত্রণালয় প্রস্তাব প্রেরণ করবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের উক্ত পত্রের প্রেক্ষিতে সচিব মহোদয়ের নির্দেশনায় 'ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লি.'-এর মালিকানাধীন খুলনা ইউনিট 'দাদা ম্যাচ ওয়ার্কস্' এবং ঢাকা ইউনিট 'ঢাকা ম্যাচ ফ্যাক্টরি' এর দায়-দেনা নিরূপনের উদ্যোগ নেয়া হয়েছে এবং বাজার মূল্য নির্ধারনের জন্য জেলা প্রশাসক ঢাকা, খুলনা ও বিসিআইসিকে জনানো হয়েছে।		
০৭.	মুহুরী প্রজেক্টে জেগে ওঠা ১৭,০০০ একর জমিতে শিল্পপার্ক স্থাপন। **(প্রতিশ্রুতি নং-৮)** ২৯/১২/২০১০ খ্রি.	▪ উক্ত জমিতে বিসিক কর্তৃক শিল্পপার্ক স্থাপনের লক্ষ্যে বিসিক-কে উক্ত জমি বরাদ্দ দেয়া হবে কিনা সে বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা জন্য চাওয়া হয়েছে এবং উক্ত কার্যালয় হতে যে নির্দেশনা প্রদান করা হবে সে অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে ।	• বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এর কাজের অগ্রগতি বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাবেক মুখ্য সচিব জনাব মো: আবুল কালাম আজাদ এর সভাপতিত্বে গত ১৩/০১/২০১৬ তারিখের সভায় সিদ্ধান্ত গৃহিত হয় যে, "মুহুরী প্রজেক্টে জেগে ওঠা ১৭,০০০ একর জমি এবং পরবর্তীতে আরও জমি জেগে ওঠলে তা বেজা ছাড়া অন্য কাউকে বরাদ্দ দেওয়া যাবে না"। • উপর্যুক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে উক্ত জমিতে বিসিক কর্তৃক শিল্পপার্ক স্থাপনের লক্ষ্যে বিসিক-কে জমি বরাদ্দ দেয়া হবে কিনা সে বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা চেয়ে গত ২৩-০৪-২০১৯ ও ২৯-০৫-২০১৯ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়। এ পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ৩০-০৫-২০১৯ তারিখের পত্রের মাধ্যমে উক্ত জমির বর্তমান অবস্থা সম্পর্কে শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি, বেজার প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক-১ এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক-কে যৌথভাবে সরেজমিনে পরিদর্শন করে ০৪ (চার) সপ্তাহের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সে অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে অতিরিক্ত সচিব (বিসিক)-কে মনোনয়ন প্রদান করা হয়। • উক্ত কমিটি গত ২২/০৭/২০১৯ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন দাখিল করেছে।	বিসিক
০৮.	ঠাকুরগাঁও জেলায় খাদ্য প্রক্রিয়াজাতকরণ অঞ্চল স্থাপন। **(প্রতিশ্রুতি নং-১০)** ২৯/০৩/২০১৮খ্রি	• মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ঠাকুরগাঁও জেলায় প্রথমে ১৫ একর জমি পরবর্তী ৫০ একর জমিতে খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পাঞ্চল স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মোট প্রকল্প ব্যয় ৯৮৬১.০০ লক্ষ টাকা। **বাস্তবায়নের মেয়াদ**: জুলাই ২০২১ - জুন ২০২৪ পর্যন্ত।	• মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুত 'বিসিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পনগরী, ঠাকুরগাঁও' শীর্ষক প্রকল্পে ০৩ এপ্রিল ২০২২ তারিখে প্রকল্প পরিচালক যোগদান করেন। • ভূমি অধিগ্রহণের স্থান নির্বাচন কমিটি ও ভূমি বরাদ্দ কমিটির সভা হয়েছে এবং ভূমি অধিগ্রহণের ৪ ধারা নোটিশ জারি করা হয়েছে। যৌথ ফিল্ডবুক প্রস্তুত করে প্রয়োজনীয় কাগজপত্রসহ চূরান্ত অনুমোদনের জন্য ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অনুমোদনের পর ৭ ধারা জারি করা হবে মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছেন। • ২০২২-২৩ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ি উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে অফিস ভাড়া, গাড়ি ভাড়া, আউটসোর্সিং ফার্ম নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং কোটেশন পদ্ধতিতে অফিস সরঞ্জামদি, বৈদ্যুতিক সরঞ্জামদি, কম্পিউটার ও আসবাবপত্র ক্রয় সম্পন্ন হয়েছে। • প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৪৭.২৩ কোটি টাকা। আর্থিক অগ্রগতির হার ৪৭.৪৯%।	বিসিক

বাস্তবায়নাধীন ২৫টি নির্দেশনাসমূহ:

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫
০১.	ভবিষ্যতে আলাদাভাবে বিসিক শিল্পনগরী না করে দেশের প্রত্যেক বিশেষ অর্থনৈতিক জোনে বিসিক কর্তৃক প্লট কিনে শিল্পনগরী প্রতিষ্ঠা করতে হবে। **(নির্দেশনা নং-১)** ০৬/৯/২০১৬ খ্রি.	বিভিন্ন এলাকায় বিসিকের নতুন শিল্পনগরী স্থাপনের ক্ষেত্রে বিশেষ অর্থনৈতিক জোনে প্লট কিনে শিল্পনগরী প্রতিষ্ঠা করা হচ্ছে/ হবে। **বাস্তবায়নের মেয়াদ** : জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত।	**বিসিক শিল্পনগরী, নীলফামারী:** ▪ নীলফামারীতে বেজার অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার কার্যক্রম এখনও সমাপ্ত হয়নি। বেজার অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার কার্যক্রম শেষ হলে বেজা থেকে জমি বরাদ্দ নিয়ে 'বিসিক শিল্পনগরী, নীলফামারী' প্রতিষ্ঠা করা সম্ভব হবে। ▪ পাশাপাশি বেজার বাইরে বিসিকের অনুকূলে জমি বরাদ্দ নিয়ে নীলফামারীতে শিল্পনগরী স্থাপনের লক্ষ্যে একটি উপযুক্ত নতুন জায়গা নির্বাচনের জন্য ২৮-০৮-২০২২ তারিখে আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক কার্যালয়, রাজশাহীকে আহবায়ক করে ০৬ সদস্যের একটি কমিটি গঠন করা হয়। কমিটি ১০-১১-২০২২ তারিখে ০৩ টি সম্ভাব্য জায়গা পরিদর্শন করেছে। ১০-০১-২০২৩ তারিখে কমিটির প্রতিবেদন পাওয়া গেছে। প্রতিবেদন অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। ▪ ভবিষ্যতেও বিসিকের বিভিন্ন এলাকায় নতুন শিল্প নগরী স্থাপনের ক্ষেত্রে বিশেষ অর্থনৈতিক জোনে প্লট কিনে শিল্পনগরী প্রতিষ্ঠা করা হবে। ▪ যে সব এলাকায় বেজার কর্মকান্ড নেই বা বেজা থেকে জমি পাওয়া যাচ্ছে না সে সব এলাকায় বিসিকের শিল্পপার্ক স্থাপনের নিমিত্ত বেজা বাদে অন্যত্র জমি অধিগ্রহণে বেজার অনাপত্তিপত্র সংগ্রহ করা হচ্ছে। ▪ উল্লেখ্য, অধিকাংশ ক্ষেত্রে বেজার অনাপত্তিপত্র পেতে বিলম্ব হওয়ায় প্রকল্প প্রক্রিয়াকরণে দীর্ঘসূত্রিতা দেখা দেয়।	বিসিক
০২.	ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের উৎসাহিত করে মধুপুর এলাকায় উৎপাদিত আনারসের জন্য খাদ্য প্রক্রিয়াজাত করণ শিল্প গড়ে তুলতে হবে। **(নির্দেশনা নং-২)** ১১/৫/২০১৬ খ্রি.	মধুপুর এলাকায় উৎপাদিত আনারসের জন্য খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প গড়ে তোলার লক্ষ্যে বিসিক কর্তৃক 'বিসিক মধুপুর শিল্প পার্ক (আনারসসহ কৃষিপণ্য প্রক্রিয়াকরণ), টাঙ্গাইল' শীর্ষক প্রকল্পগ্রহণের কার্যক্রম চলমান। **বাস্তবায়নের মেয়াদ** : জুলাই ২০২১ হতে জুন ২০২৪ পর্যন্ত।	▪ ০৩-১০-২০১৯ তারিখে পিইসি কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তানুসারে মধুপুর উপজেলায় মতবিনিময় সভার অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভার সুপারিশ অনুযায়ী স্থানীয় উদ্যোক্তাদের চাহিদার পরিপ্রেক্ষিতে বিসিকের নিজস্ব জায়গা মুক্তাগাছা, ময়মনসিংহের পরিবর্তে বিকল্প হিসেবে মধুপুর, টাঙ্গাইলে জায়গা নির্বাচনের জন্য উদ্যোগ নেওয়া হয়। প্রথমে মধুপুর উপজেলার বেরিবাইদ মৌজায় এবং পরবর্তিতে মধুপুর উপজেলার গারোবাজার সংলগ্ন মহিষমারা মৌজায় জায়গা নির্বাচন করা হলেও বন বিভাগের আপত্তির জন্য জায়গা পাওয়া যায়নি। ▪ এ প্রেক্ষিতে পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), বিসিক মধুপুর উপজেলার মধুপুর পৌরসভা সংলগ্ন আলোকদিয়া ইউনিয়নের আশুরা-সীতারাম-কালামাঝি মৌজার ১০০ (একশত) একর জমি পরিদর্শন করেন। উক্ত জমি বরাদ্দের সম্মতিপ্রদানসহ প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণের জন্য জেলা প্রশাসক, টাঙ্গাইল-কে অনুরোধ জনানো হয়েছে। ▪ নতুন জায়গার সম্মতি পাওয়া ও ফিজিবিলিটি স্টাডি সম্পাদন সাপেক্ষে ডিপিপি পুনর্গঠন কার্যক্রম চলমান আছে।	বিসিক
০৩.	নতুন শিল্প কারখানায় বর্জ্য শোধনাগার Central Effluent Treatment Plant (CETP) থাকতে হবে এবং পুরাতন কারখানায় মালিকদের ইটিপি তৈরিতে বাধ্য করতে হবে। প্রয়োজনে সরকারি কেন্দ্রীয় CETP তৈরি করে শিল্প মালিকদের	**বিসিআইসি :** •বিসিআইসি'র সকল কারখানা স্থাপনা পরিকল্পনায় বর্জ্য শোধনাগার ও পরিবেশ আইন মেনে শিল্প কারখানা স্থাপনের পরিকল্পনা গ্রহণ করে আসছে। •বিসিআইসি'র আওতাভুক্ত ১০টি শিল্প প্রতিষ্ঠানসমূহের ৫টি তে In-Built ETP বিদ্যমান। এছাড়া সংস্থাধীন বিআইএসএফ ও ইউজিএসএফ কারখানাগুলোতে তরল বর্জ্য না থাকায় ETP এর প্রয়োজন নেই। •কেপিএম লিঃ-এ MOU এর আওতায় ও ছাতক সিমেন্ট কোঃ লিঃ এ উন্নয়ন প্রকল্পের আওতায় ETP স্থাপনের	**বিসিআইসি :** (ক) শাহজালাল ফার্টিলাইজার কোং লিঃ, সিলেট; যমুনা ফার্টিলাইজার কোঃ লিঃ, জামালপুর; আশুগঞ্জ ফার্টিলাইজার এন্ড কেমিক্যাল কোং লিঃ, বি.বাড়ীয়া; চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিঃ, চট্টগ্রাম; আধুনিক ইটিপি রয়েছে। (খ) ডিএপি ফার্টিলাইজার কোঃ লিঃ, চট্টগ্রাম- In-Built System এ Effluent Treatment এর ব্যবস্থা রয়েছে। (গ) টিএসপি কমপ্লেক্স লিঃ কারখানা হতে নির্গত তরল বর্জ্য কারখানায় চালু Effluent treatment pit এর মাধ্যমে Neutralization করা হচ্ছে। (ঘ) কর্ণফুলী পেপার মিলস্ লিঃ, রাঙ্গামাটি-কেপিএম লিঃ এ In-Built effluent treatment ব্যবস্থা রয়েছে। কিন্তু বর্তমানে পরিবেশ দূষণকারী কোন তরল বর্জ্য নির্গত হয় না। (ঙ) ছাতক সিমেন্ট কোঃ লিঃ,সুনামগঞ্জ - পরিবেশ দূষণকারী কোন তরল বর্জ্য নির্গত হয় না। (চ) বিআইএসএফএল, ঢাকা - তরল বর্জ্য না থাকায় ETP এর প্রয়োজন নেই।	বিসিআইসি/ বিসিক/ বিএসএফআইসি

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫
	সংশ্লিষ্ট ব্যয় ও ফি প্রদান করতে হবে **(নির্দেশনা নং-৩)** ২৪/৮/২০১৪ খ্রি.	পরিকল্পনা রয়েছে। **বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন** বিএসএফআইসির আওতাধীন ‘১৪টি চিনিকলে বর্জ্য পরিশোধনাগার স্থাপন’ শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটির মোট বরাদ্দ ৮১৮৪.৩৫ লক্ষ টাকা। মেয়াদ: জুলাই ২০১৮ হতে জুন ২০২৩ পর্যন্ত। **বিসিক :** ▪ নতুনভাবে স্থাপিত শিল্পনগরীসমূহে শিল্প উদ্যোক্তাগণ কারখানার চাহিদা মোতাবেক নিজস্ব অর্থায়নে বরাদ্দকৃত প্লটে ইটিপি স্থাপন করবেন (প্রযোজ্য ক্ষেত্রে)। শিল্প কারখানার উদ্যোক্তাদের লে-আউট প্ল্যানে ইটিপি স্থাপনের প্রয়োজনীয় জায়গা রেখে লে-আউট প্ল্যান অনুমোদন দেয়ার জন্য আঞ্চলিক পরিচালকদের অবহিত করা হয়েছে। ▪ বিসিক শিল্পনগরীসমূহে স্থাপিত লাল ও কমলা শিল্প কারখানাসমূহে ইটিপি স্থাপন বাধ্যতামূলক। বিসিকের সকল জেলা কার্যালয় ও শিল্পনগরীর আওতাধীন লাল ও কমলা শিল্প কারখানাসমূহের ইটিপি স্থাপন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কার্যালয়কে নির্দেশনা দেয়া হয়েছে।	(ছ) উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ, চট্টগ্রাম - তরল বর্জ্য না থাকায় ETP এর প্রয়োজন নেই। (জ) বাস্তবায়নাধীন জিপিইউএফপি, পলাশ- আধুনিক ইটিপি অন্তর্ভূক্ত আছে। ৩টি Pond এর Earth Excavation, Dyke নির্মাণ, Floor Casting শেষ হয়েছে। ইটিপি সংলগ্ন পিট সমূহের নির্মাণ সম্পন্ন হয়েছে। ৩টি pond এর side wall এর নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ৩টি Pond এর Chemical Lining এর কাজ সম্পন্ন হয়েছে। Pond গুলিতে Painting এর কাজ সম্পন্ন হয়েছে। Pump Installation, Piping এর কাজ চলমান রয়েছে। **বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন:** ● প্রকল্পের আওতায় ১৪টি চিনিকলের মধ্যে পঞ্চগড়, ঠাকুরগাঁও, সেতাবসঞ্জ, জয়পুরহাট, রংপুর, জিলবাংলা, নর্থবেঙ্গল, কেরু অ্যান্ড কোং (বিডি) লি. ও মোবারকগঞ্জ চিনিকলের অর্থাৎ ৯টি চিনিকলের ইটিপি নির্মাণ কাজ এবং প্লান্ট-মেশিনারিজ স্থাপন কাজ ৯৮% সম্পন্ন হয়েছে। প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১১-০১-২০২২ তারিখে অনুষ্ঠিত ৭ম সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের ৩টি চিনিকলের ইটিপি প্ল্যান্টের স্থাপন কার্যক্রম (শ্যামপুর, কুষ্টিয়া ও পাবনা চিনিকল) অসমাপ্ত অবস্থায় সমাপ্ত করে অবশিষ্ট ১১টি চিনিকলের ইটিপি স্থাপন কাজ সমাপ্তকরণের নিমিত্ত ডিপিপি সংশোধনের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে তা ২২-০৬-২০২২ তারিখে ১ম সংশোধনী অনুমোদিত হয়। ● জিলবাংলা চিনিকলের ইটিপি ট্রায়াল রান গত মৌসুমে সম্পন্ন হয়েছে এবং এ মৌসুমে অপারেশন চলছে। নর্থ বেঙ্গল ও ঠাকুরগাঁও চিনিকলের ইটিপি চলতি মৌসুমে ট্রায়াল রান চলছে। ৪টি চিনিকলের (ফরিদপুর, জয়পুরহাট, মোবারকগঞ্জ ও কেরু অ্যান্ড কোং) ইটিপি চলতি মৌসুমে ট্রায়াল রান সম্পন্ন হবে। প্রকল্পের অসমাপ্ত কাজগুলো চলতি ২০২২-২০২৩ অর্থবছরে শেষ হবে। ● ২০২২-২৩ অর্থবছরের ডিসেম্বর ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক ব্যয় ৫৬৬৩.০৭৭ লক্ষ টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৬৯.১৯% ও ভৌত অগ্রগতি ৮৫%। **বিসিক :** ● বিসিকের ৮০ টি শিল্পনগরীসমূহে স্থাপনযোগ্য তরল বর্জ্য নির্গমণকারী শিল্প ইউনিটের সংখ্যা-১৯৪ টি, ইটিপি স্থাপন করা হয়েছে ১৫১ টি, চালু আছে ১৪৩ টি, বন্ধ আছে ০৮ টি, ইটিপি নির্মাণাধীন ১১ টি । ● অবশিষ্ট ৩২ টি ইটিপি স্থাপনের বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়কে বন্ধ ইটিপি চালু, ইটিপি স্থাপনযোগ্য শিল্প প্রতিষ্ঠানে ইটিপি স্থাপন কার্যক্রম ত্বরান্বিত করা ও নির্মাণাধীন ইটিপির নির্মাণ কাজ দ্রুত সমাপ্ত করার নির্দেশ দেয়া হয়েছে। ● মালিকানা হস্তান্তর এবং নতুন শিল্প প্লট বরাদ্দের মাধ্যমে স্থাপিত কারখানাগুলো ইটিপি স্থাপনযোগ্য হলে নিজ উদ্যোগ ও খরচে ইটিপি স্থাপনের শর্তে অনুমোদন দেয়া হয়। ● যেসকল শিল্প প্রতিষ্ঠান ইটিপি স্থাপন করেনি এবং যেসকল শিল্প ইটিপি বন্ধ রেখে পরিবেশ দূষণ করছে সেসকল শিল্প প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়েছে। ● ইটিপি স্থাপনযোগ্য যে সকল প্রতিষ্ঠান ইটিপি স্থাপন করেননি সেই সকল প্রতিষ্ঠানকে দ্রুত ইটিপি নির্মাণের জন্য বিসিকের স্থানীয় কার্যালয় হতে নিয়মিত তাগাদা দেয়া হচ্ছে।	

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫
০৪.	নগরায়নে মাস্টার প্ল্যানের মাধ্যমে জেলা উপজেলায় শিল্প স্থাপনের উপযোগী স্থান নির্ধারণ, শিল্প বর্জ্য নিষ্ক্রান্তের পরিকল্পনা এবং কাঁচামালের সহজলভ্যতা ও ব্যাপক কর্মসংস্থানের বিষয় বিবেচনা রেখে শিল্প গড়ে তুলতে হবে। **(নির্দেশনা নং-৪)** ২৪/৮/২০১৪খ্রি.	নগরায়নের মাস্টার প্ল্যানে শিল্প স্থাপনের উপযোগী এলাকা চিহ্নিতকরণের লক্ষ্যে বাংলাদেশের ৬৪ টি জেলার জেলা প্রশাসক বরাবরে বিসিক চেয়ারম্যান এর স্বাক্ষরে টিওআরসহ পত্র দেয়া হয়েছে। উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ১৭ টি জেলা (ঢাকা, ময়মনসিংহ, নরসিংদী, রাজশাহী, বগুড়া, নওগাঁ, ব্রাহ্মণবাড়িয়া, মৌলভীবাজার, মাদারিপুর, ফরিদপুর, মুন্সিগঞ্জ, যশোর, পিরোজপুর, মাগুরা, নাড়াইল, ঝিনাইদহ কক্সবাজার) হতে প্রাপ্ত প্রস্তাবের মধ্যে পর্যায়ক্রমে স্বল্প, মধ্য এবং দীর্ঘমেয়াদে প্রকল্প গ্রহণের মাধ্যমে শিল্পনগরী স্থাপনের পরিকল্পনা নেয়া হচ্ছে।	▪ সরকারের রূপকল্প ২০৪১ বাস্তবায়নে বিসিকের রূপকল্প এবং লক্ষ্যকে সরকারের উন্নয়ন পরিকল্পনাসমূহের সাথে সমান্তরালে রেখে মৌলিক, যুগোপযোগী, বাস্তবসম্মত এবং ফলপ্রসূ ১৩ (তেরো) টি ফ্ল্যাগশিপ কর্মসূচিসহ একটি মহাপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয় এবং সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধনের কাজ চলমান আছে। ▪ ফ্ল্যাগশিপ কর্মসূচির মধ্যে অন্যতম কর্মসূচি হলো 'সারাদেশব্যাপী ১০০ টি আধুনিক সুবিধা সম্বলিত ও পরিবেশবান্ধব শিল্পপার্ক স্থাপন'। ▪ এ কর্মসূচির আওতায় ২০৪১ সালের মধ্যে ৪০,০০০ (চল্লিশ হাজার) একর জমিতে ১০০ টি শিল্পপার্ক নির্মাণের মাধ্যমে ২ কোটি লোকের কর্মসংস্থান সৃষ্টি করা হবে। ▪ ১০০টি প্রকল্পের মধ্যে ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে ১০টি প্রকল্প অন্তর্ভুক্ত হয়েছে। ২০২২-২৩ অর্থবছরের আরএডিপিতে ১৫টি প্রকল্প প্রস্তাব করা হয়েছে।	সকল দপ্তর/সংস্থা
০৫.	শিল্প কারখানায় গ্যাস সরবরাহের বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। আধুনিক প্রযুক্তি ও জ্বালানি সাশ্রয়ী সার কারখানা নির্মাণ করতে হবে। পলাশ ও ঘোড়াশাল সার কারখানায় পুরাতন যন্ত্রপাতি পরিবর্তন করে নতুন যন্ত্রপাতি স্থাপন করতে হবে। **(নির্দেশনা নং-৫)** ২৪/৮/২০১৪খ্রি.	**<u>ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্পঃ</u>** ইউএফএফএল ও পিইউএফএফএল এর প্রতি টন ইউরিয়া উৎপাদনে গ্যাসের ব্যবহার, ডাউন টাইম (কারিগরি) এবং রক্ষণাবেক্ষণ পুনরাবৃত্তির হার অস্বাভাবিক বৃদ্ধির বিষয়টি বিবেচনায় নিয়ে পিইউএফএফএল এর খালি জায়গায় দৈনিক ২৮০০ মে. টন উৎপাদন ক্ষমতা সম্পন্ন একটি নতুন আধুনিক সার কারখানা স্থাপনের উদ্যোগ বিসিআইসি কর্তৃক গ্রহণ করা হয়। তারই ধারাবাহিকতায় ০৯-১০-২০১৮ তারিখে 'ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প' শীর্ষক প্রকল্পটি ECNEC সভায় অনুমোদিত হয়। **বরাদ্দ:** (সংশোধিত ডিপিপি অনুযায়ী) ১৫৫০০২০.৯০ লক্ষ টাকা (জিওবি: ৪৫৮০২০.৯০ লক্ষ টাকা **বৈদেশিক ঋণ:** ১০৯২০০০.০০ লক্ষ টাকা) **ব্যয়:** ৯২৫৫২৮.৮১ লক্ষ টাকা (জিওবি: ৭৩৮৭৩.৬৪ লক্ষ টাকা **বৈদেশিক ঋণ:** ৮৫১৬৫৫.১৭ লক্ষ টাকা) **প্রকল্পের মেয়াদ:** অক্টোবর ২০১৮ হতে জুন ২০২৪ পর্যন্ত। বাস্তবায়ন কাল: বর্তমানে প্রকল্পের নির্মাণ কাজ চলমান আছে।	• Casting – ৮৬.৩৩%, Under Ground Pipe Fabrication – ৯৯.১২%, Under Ground Pipe Erection– ৯৯.২৩%, Above Ground Pipe Erection– ৭০.০৩%, Equipment Installation– ৯১.৪৭% শেষ হয়েছে। • প্রকল্পের বিভিন্ন মালামাল (যন্ত্রপাতি ও যন্ত্রাংশ) প্রকল্প এলাকায় ধারাবাহিক ভাবে আসছে। • Steel Structure Erection (৭৯.১৯% সম্পন্ন), Motor Installation (৫০.৯৯% সম্পন্ন), Transformer Installation (৮৭.৫০% সম্পন্ন), Earthing Cable Installation (৯৫.০৯% সম্পন্ন) সহ সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। • প্রকল্পের প্রি-কমিশনিং কার্যক্রম চলমান রয়েছে। ৩১ ডিসেম্বর, ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি: আর্থিক অগ্রগতি: ৯২৫৫২৮.৮১ লক্ষ টাকা (৫৯.৭১%) বাস্তব অগ্রগতি: ৭৩.৬৭%	শিল্প মন্ত্রণালয়/ বিসিআইসি বাস্তবায়নাধীন
০৬.	বিসিক শিল্পনগরীতে যারা জমি বরাদ্দ নিয়ে শিল্প স্থাপন করছে না তাদের বরাদ্দ বাতিল করে নতুন উদ্যোক্তাদের বরাদ্দ দিতে হবে এবং শিল্প নগরী	• বিসিক শিল্পনগরীতে যারা জমি বরাদ্দ নিয়ে শিল্প স্থাপন করছে না তাদের বরাদ্দ বাতিল করে পুন:বরাদ্দযোগ্য শিল্প প্লটের তালিকা নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। নতুনভাবে বরাদ্দ দেয়ার লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। • শিল্পনগরীর উন্নয়নকল্পে পর্যাপ্ত বাজেট বরাদ্দের ব্যবস্থা গ্রহণে উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।	▪ বিসিক শিল্পনগরীতে প্লট বরাদ্দ নিয়ে যারা শিল্প স্থাপন করছেন না জেলা প্লট বরাদ্দ কমিটির মাধ্যমে তাদের প্লট বাতিল করে সম্ভাবনাময় উদ্যোক্তাদের অনুকূলে বরাদ্দ দেওয়া হচ্ছে। ▪ ২০২১-২০২২ অর্থবছরে এ পর্যন্ত মোট ১৬৫ টি প্লট বরাদ্দ দেয়া হয়েছে। ▪ ডিসেম্বর ২০২২ মাসে শিল্পনগরী, কক্সবাজারে ০১টি , চুয়াডাংগা-০২ টি, গোপালগঞ্জ (সম্প্র:) ১৫টি। মোট -১৮টি প্লট বরাদ্দ দেয়া হয়েছে। ▪ ডিসেম্বর ২০২২ মাসে ৩৪ টি প্লট বরাদ্দ দেয়া হয়েছে।	বিসিক

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫
	উন্নয়নকল্পে পর্যাপ্ত বাজেট সংস্থান রাখতে হবে। **(নির্দেশনা নং-৬)** ২৪/৮/২০১৪খ্রি.			
০৭.	দক্ষ জনবল তৈরির লক্ষ্যে যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে, প্রশিক্ষণ কেন্দ্রগুলো রাজধানী কেন্দ্রিক না করে বিকেন্দ্রীকরণ করা, প্রতি বিভাগে ১টি করে ৭টি বিভাগে বিটাকের মহিলা হোস্টেলসহ ৭টি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ করতে হবে। **(নির্দেশনা নং-৭)** ২৪/৮/২০১৪খ্রি.	**বিটাক** বিটাক আমদানি বিকল্প যন্ত্রাংশ তৈরি ও কারিগরি পরামর্শের পাশাপাশি ঢাকা কেন্দ্রসহ বিটাকের মোট ৫টি কেন্দ্রে কারিগরি প্রশিক্ষণ পরিচালিত হয়ে আসছে। ,বিটাক চট্টগ্রাম" শীর্ষক প্রকল্পটি "খুলনা ও বগুড়া কেন্দ্রে নারী হোস্টেল স্থাপন ১৭ তারিখে অনুমোদিত হয়। ২০১৮/০৭/প্রকল্পটির আওতায় ৫ তলা ভিতসহ লিফটবিহীনভাবে ৫ তলা নির্মাণের পরিবর্তে ১০ তলা ভিত ও লিফটসহ ১০ তলা ভবন নির্মাণের লক্ষ্যে সংশোধন করা হয় এবং ১ম সংশোধন প্রস্তাব গত ২৫ এপ্রিল ২০১৯ তারিখে অনুমোদিত হয়েছে। **মেয়াদ** :জুলাই ২০১৮ হতে জুন ২০২২।	**বিসিআইসি:** • দক্ষ জনবল তৈরির লক্ষ্যে সংস্থা এবং সংস্থাধীন কারখানাসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে বিআইএম, এনএপিডি, আরপিএটিসি, সিপিটিইউ সহ বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বছরব্যাপী বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে প্রেরণ করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এছাড়া বিভিন্ন বিষয়ে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করে প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। • ঘোড়াশাল, নরসিংদিতে স্থাপিত বিসিআইসি'র প্রশিক্ষণ প্রতিষ্ঠান "ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ (টিআইসিআই)" সংস্থার বিভিন্ন কারখানার শ্রমিক/কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ সহ বিভিন্ন শিল্প কারখানায় কারিগরি সহযোগিতা প্রদান করে থাকে। নতুন নিয়োগ প্রাপ্ত সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী ও শ্রমিকদের নিয়মিত ভাবে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরকে স্বল্প মেয়াদী বাস্তব প্রশিক্ষণ প্রদান করে আসছে। **বিটাক :** (ক) বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) কর্তৃক "বিটাক চট্রগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্রের নারী হোস্টেল স্থাপন " (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পটি জুন ২০২২ এ সমাপ্ত হয়েছে। প্রকল্পের আওতায় ৩ টি কেন্দ্রে ১০ তলা বিশিষ্ট মোট ৩ টি নারী হোস্টেল ভবনের নির্মাণ সম্পন্ন হয়েছে। • আলোচ্য প্রকল্পটি গত ২৫/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয় এবং গত ১৫/০৩/২০২২ তারিখে শিল্প মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারি করা হয়। • ভূমি অধিগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক বরাবরে ভূমি অধিগ্রহণ প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তদানুযায়ী প্রকল্পের অনুকূলে ভুমি অধিগ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। • প্রকল্পটির অনুকূলে ২০২১-২০২২ অর্থবছরের আরএডিপিতে 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা' খাত হতে গত ২৮/০৪/২০২২ তারিখে ৮৮৭৯.৪৪ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয় এবং ১০/০৫/২০২২ তারিখে বিভাজন আদেশ জারি করা হয়েছে। • প্রকল্পের জুন ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৮৩৪০.৯২ লক্ষ টাকা সরাসরি কোডের মাধ্যমে ভূমি অধিগ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবরে নির্ধারিত কোডে IBAS++ এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে। বিটাক কর্তৃক বাস্তবায়নাধীন "হাতে কলমে মহিলাদেরকে গুরুত্ব দিয়ে বিটাকের কাযক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন (ফেজ-২)" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। বাস্তবায়ন মেয়াদ: অক্টোবর ২০২০ হতে সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত। • ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (২৫% সংরক্ষণ করে) রাজস্ব খাতে ৪৫.০০ লক্ষ টাকা এবং মুলধন খাতে ১৪৫৫.০০ লক্ষ টাকাসহ সর্বমোট ১৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দ হতে ১ম-৩য় কিস্তিতে মোট ১১১৭.৫৩ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। ছাড়কৃত অর্থ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত ৫৪৪.৩২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যার অগ্রগতি আর্থিক ৩৬.২৯% ও ভৌত ১.৯৫%। • প্রকল্পের জুন, ২০২২ পর্যন্ত সময়ে ক্রমপুঞ্জিত অগ্রগতি আর্থিক ১১.১২% ও ভৌত ১৫.১৭%। • প্রকল্পের শুরু হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত মোট ১১৮৯ জন নারী ও ১০৮৭ জন পুরুষ প্রশিক্ষণার্থীসহ মোট ২২৭৬	বিসিআইসি/ বিটাক/বিআইএম

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫
		বিআইএম ঢাকাস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) কে শক্তিশালীকরণ' প্রকল্প গ্রহণ করা হয়েছে। মোট প্রকল্প ব্যয় ১৪৭৮৬.০৭ লক্ষ টাকা **বাস্তবায়ন মেয়াদ** : এপ্রিল ২০১৮ হতে জুন ২০২৩ পর্যন্ত। **এসএমই ফাউন্ডেশন:** ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদেরকে এসএমই সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ, সহজ শর্তে সিঙ্গেল ডিজিট সুদে ঋণ প্রদানের ব্যবস্থাকরণ, উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্রচার ও প্রসারে বাজার সংযোগ স্থাপনের লক্ষ্যে মেলা আয়োজন ও অংশগ্রহণ, উদ্যোক্তাদের জন্য বিভিন্ন সেমিনার আয়োজনের মাধ্যমে সচেতনতা সৃষ্টি, এসএমই বিষয়ে গবেষণা প্রণয়ন, অ্যাডভাইজরি সার্ভিস সেন্টারের মাধ্যমে পরামর্শ সেবা প্রদানসহ ইত্যাদি বহুমুখী কার্যক্রম পরিচালনা। মেয়াদ: ০১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত।	জনকে বিভিন্ন কারিগরি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। • প্রকল্পের শুরু হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত মোট ৮০৭ জন নারী ও ৪৫০ জন পুরুষ প্রশিক্ষণার্থী বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। **বিআইএম :** **বিআইএম-কে শক্তিশালীকরণ প্রকল্পঃ** প্রকল্পের মেয়াদঃ ০৩ (তিন) বছর (এপ্রিল/২০১৮ – জুন/২০২১) ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ বছর (জুন/২০২২ পর্যন্ত) মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। ২ তলা বেসমেন্টসহ মোট ১২ তলা ভবনের পূর্ত কাজ প্রায় শেষ পর্যায়। ইলেকট্রিক্যাল, ইউটিলিটি, ফার্নিচার, ইন্টেরিয়র ইত্যাদি কাজের জন্য জুন/২০২৩ পর্যন্ত প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি সংশোধিত হয়েছে। ভৌত অবকাঠামো: ৭০% আর্থিক: ৩৯.৯২%। প্রকল্পের মোট বরাদ্দঃ ১৫,৫৮৬.১৫ লক্ষ টাকা। এ যাবৎ ব্যয়ঃ ৬,২২২.০১ লক্ষ টাকা। **বিভাগীয় পর্যায়ে বিআইএম-এর বিকেন্দ্রীকরণঃ** গত ০৭ আগস্ট ২০১৯ তারিখে বিআইএম একটি কমিটি গঠন করে। আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য কমিটির সদস্যগণ ইতোমধ্যে ৫টি বিভাগে সফর করে সম্ভাব্য স্থান নির্বাচন, অংশীজনের অংশগ্রহণে সমন্বয় সভা, বিশিষ্ট ব্যক্তিবর্গের মতামত গ্রহণ ও প্রাথমিক সম্ভাব্যতা যাচাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। পরিকল্পনা কমিশন হতে তৃতীয় পক্ষ কর্তৃক সম্ভাব্যতা যাচাই করা বাধ্যবাধকতা থাকায় গত ২৮/০৪/২০২২ তারিখ শিল্প মন্ত্রণালয় বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় সম্ভাব্যতা যাচাই প্রকল্প প্রস্তাব প্রণয়ন করার নির্দেশনা প্রদান করা হয়। সে অনুযায়ী কার্যক্রম চলমান আছে। **এসএমই ফাউন্ডেশন:** • উদ্যোক্তা উন্নয়ন ও দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ ১২টি; প্রশিক্ষিত উদ্যোক্তা-৩৪০ জন। • নারী উদ্যোক্তা উন্নয়ন উইং প্রশিক্ষণ ০৩টি; প্রশিক্ষিত উদ্যোক্তা-১২০ জন। • প্রযুক্তি উন্নয়ন উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ ০৫টি; অংশগ্রহণকারী-১০৮ জন। • আইসিটি বিষয়ক কর্মসূচি ০৩টি; অংশগ্রহণকারী-১২৫ জন। • অ্যাডভাইজরি সার্ভিস সেন্টারের মাধ্যমে মোট ৮৫ জন উদ্যোক্তা পরামর্শ সেবা গ্রহণ করেছেন। • বিভিন্ন বিষয়ে মোট ১৩টি প্রশিক্ষণের আওতায় ৩৮০ জন উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। সার্বিকভাবে ৭৭৮ জন উদ্যোক্তা ফাউন্ডেশনের বিভিন্ন কর্মসূচির মাধ্যমে উপকৃত হয়েছেন।	
০৮.	রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানের অব্যবহৃত জমি বন্ধ ও বন্ধ প্রায় শিল্প প্রতিষ্ঠানের জমি দেশি বিদেশী বিনিয়োগের জন্য উপযোগী করে বিনিয়োগের নিমিত্ত শিল্প পার্ক তৈরি করতে হবে।	**১। কর্ণফুলী পেপার মিলস লি. (কেপিএমএল):** • কেপিএমলিঃ কারখানার জায়গায় একটি নতুন ইন্টিগ্রেটেড পেপার মিল স্থাপনের লক্ষ্যে "M/S China National Machinery Imp. & Exp. Corporation (CMC), China" এর সাথে গত ০২/০৪/২০১৯ তারিখে MoU স্বাক্ষরিত হয়। এরই ধারাবাহিকতায় মেসার্স CMC, China আর্থকারিগরি সমীক্ষা সম্পন্ন করত: বার্ষিক ১,০০,০০০	**১। কর্ণফুলি পেপার মিলস লি.(কেপিএম):** • কর্ণফুলী পেপার মিলস লি. এর স্থলে নিম্নোক্ত নতুন ৫টি কারখানা স্থাপনের লক্ষ্যে Techno-Economic Feasibility Study সম্পাদনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছেঃ (ক) Integrated Paper Mill with Forestation i. Pulp, ii. Writing & Printing Paper, iii. Offset Paper, iv. Offset Card, v. Color Demai &Ledger Paper, vi. Brown Liner Paper, vii. Media Paper, viii. Art Paper, ix. Corrugated Paper, x. Brown Paper etc. (খ) Soda Ash (Na2CO3) with Baking Soda (NaHCO3) Plant.	সকল দপ্তর/ সংস্থা

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫
	(নির্দেশনা নং-৮) ২৪/৮/২০১৪ খ্রি.	মে.টন ধারণ ক্ষমতা সম্পন্ন একটি পেপার মিল স্থাপনের বিষয়ে আগ্রহ প্রকাশ করেছে। **২। চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি)** চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি) প্রাঙ্গনে বিসিআইসি'র মালিকানায় 'বাংলাদেশ গ্লাস ফ্যাক্টরি স্থাপন ' নামে সম্পূর্ণ নতুন একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। প্রকল্পের বাস্তবায়ন কাল: জানুয়ারি, ২০১৯ খ্রি. থেকে জুন, ২০২২ খ্রি. পর্যন্ত। **৩। খুলনা হার্ডবোর্ড মিলস্ লি. (কেএইচবিএমএল):** বাস্তবায়নের মেয়াদ : ৩১-১২-২০২২খ্রি. মোট বরাদ্দ: ৬০০০.০০ লক্ষ	(গ) Sodium Sulphate (Na2SO4) Plant (ঘ) Other Chemical Plant i. Caustic Soda (NaOH) ii. Detergent with LABSA iii. Chlorine (Cl2) iv. Hydrogen Peroxide (H2O2) v. Bleaching Earth {Al2Si4O10(OH)2} vi. Titanium Di-oxide (TiO2) vii. Hydrochloric Acid (HCl) viii. Sulphuric Acid (H2SO4) etc. and (ঙ) Synthetic Polyester Fiber Plant. এ লক্ষ্যে Expression of Interest (EoI) আহবানের পরিপ্রেক্ষিতে প্রাপ্ত প্রস্তাবনাসমূহের কারিগরি ও আর্থিক সম্ভাব্যতা যাচাই এর জন্য গুণগতমান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতিতে (QCBS) পরামর্শক প্রতিষ্ঠান WASO Engineers & Consultants (BD) Ltd-এর সাথে গত ০২-০৮-২০২২খ্রি. তারিখে চুক্তি সম্পাদিত হয়। গত ১১-০৮-২০২২খ্রি. তারিখ থেকে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক কার্যক্রম শুরু করে। ২৬-১২-২০২২খ্রি. তারিখে উক্ত পরামর্শক প্রতিষ্ঠান Draft Feasibility Study Report (DFSR) দাখিল করে। প্রাপ্ত রিপোর্টগুলোর পর্যালোচনার কার্যক্রম চলমান রয়েছে। **২। চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি) :** "চট্রগ্রামের সীতাকুন্ডে অবস্থিত Chittagong Chemical Complex এর স্থলে নিম্নোক্ত নতুন কারখানাসমূহ স্থাপনের লক্ষ্যে Techno-Economic Feasibility Study সম্পাদনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছেঃ 1. Chlor-Alkali & Chlorine related basic chemicals Plant. 2. Chlorine related Compound (PVC) & other related chemicals plant. এ লক্ষ্যে EoI (Expression of Interest) আহবানের পরিপ্রেক্ষিতে প্রাপ্ত প্রস্তাবনাসমূহের কারিগরি ও আর্থিক মূল্যায়নের ভিত্তিতে গত ১৬-০৮-২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত বিসিআইসি পরিচালনা পর্ষদ এর ১৯৩৬(২০২২/৩২) তম সভায় M/S Monenco Iran Consulting Engineers, Iran এর সাথে চুক্তি সম্পাদনের অনুমোদন দেয়া হয়। গত ২৩-০৮-২০২২খ্রি. তারিখে M/S Monenco Iran Consulting Engineers, Iran-কে NoA (Notification of Award) & Draft Contract Agreement প্রেরণ করা হয়। ১৯-০৯-২০২২ তারিখ চুক্তি স্বাক্ষরের জন্য নির্ধারিত থাকলেও অনিবার্যকারণবশত: স্থগিত করা হয়। শিল্প মন্ত্রণালয় থেকে ১৮-১০-২০২২খ্রি. তারিখ পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে অদ্যাবধি কোন মতামত পাওয়া যায়নি। এখানে উল্লেখ্য যে, ১৫-১২-২০২২খ্রি. তারিখে বিসিআইসি'র পরিচালনা পর্ষদের ১৯৫৯তম সভায় উক্ত প্রতিষ্ঠান-কে প্রদানকৃত Notification of Award (NoA) বাতিল করার অনুমোদন দেয়া হয়। গত ০৫-০১-২০২৩খ্রি. তারিখ Monenco, Iran কে NoA বাতিল সংক্রান্ত পত্র প্রেরণ করা হয়। ০৯-০১-২০২৩খ্রি. তারিখ Cobtract Singing এর অনুরোধ জানিয়ে Monenco, Iran পত্র প্রেরণ করে, যা পর্যালোচনা করা হচ্ছে। **৩। খুলনা হার্ডবোর্ড মিলস্ লি. (কেএইচবিএমএল):** খুলনা হার্ডবোর্ড মিলস লি. (কেএইচবিএমএল) এর খালি জায়গায় বিসিআইসি'র স্ব-অর্থায়নে ১৫,০০০ মে. টন ধারণ ক্ষমতা সম্পন্ন একটি প্রি-ফেব্রিকেটেড স্টিল স্ট্রাকচার বাফার গোডাউন নির্মাণের লক্ষ্যে ২১-০১-২০২১ তারিখের কার্যাদেশ মোতাবেক মেসার্স সৃজনী উপদেষ্টা লি. কর্তৃক সার্ভে ও প্রিলিমিনারী মাস্টার প্লান তৈরির কাজ করা হয়েছে এবং সয়েল টেস্টের কাজ শেষ হয়েছে। অবকাঠামোগত সার্বিক বিষয়ে পরবর্তী কার্যক্রমের জন্য ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠনের নাম প্রস্তাব করা হয়েছে; যার দপ্তরাদেশ এখনো জারি হয়নি।	

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫
		৪। ছাতক সিমেন্ট কোম্পানী লি: (সিসিসিএল) . সৌদি আরবের Engineering Dimensions (ED) কর্তৃক ছাতক সিমেন্ট কোম্পানি লি.(সিসিসিএল) এর জায়গায় একটি সিমেন্ট-ক্লিংকার ফ্যাক্টরি স্থাপনের লক্ষ্যে গত ১৭/১০/২০১৮ তারিখে ED এর সাথে MoU স্বাক্ষরিত হয় এবং এরই ধারাবাহিকতায় গত ২০/১২/২০১৮ তারিখে ED এর সাথে Strategic Partnership Agreement স্বাক্ষরিত হয়। **৫। ঢাকা লেদার কো. লি (ডিএলসিএল):** • ঢাকা লেদার কো. লি. এর জায়গাটি বিসিআইসি'র নামে নিবন্ধিত নয় বলে পিপিপি মডেলে/যৌথ উদ্যোগে নতুন কারখানা স্থাপনের বিষয়ে উদ্যোক্তারা অনাগ্রহ প্রকাশ করে। এরই ধারাবাহিকতায় শিল্প মন্ত্রণালয় থেকে জেলা প্রশাসক, ঢাকা বরাবর প্রেরিত ০৪-১০-২০১৮ তারিখের পত্রে উল্লিখিত জমি ডিএলসিএল এর অনুকূলে হস্তান্তরের বিষয়ে তাগাদা প্রদান করা হয়েছে। উক্ত জমিতে একটি আধুনিক লেদার ইন্সটিটিউট স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়।	**৪। ছাতক সিমেন্ট কোম্পানি লি. (সিসিসিএল) :** • সৌদি আরবের Engineering Dimensions (ED) কর্তৃক ছাতক সিমেন্ট কোম্পানি লি. (সিসিসিএল) এর জায়গায় একটি সিমেন্ট-ক্লিংকার ফ্যাক্টরি স্থাপনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে গত ১৭-১০-২০১৮ তারিখে ED এর সাথে MoU স্বাক্ষরিত হয় এবং এরই ধারাবাহিকতায় গত ২০-১২-২০১৮ তারিখে ED এর সাথে Strategic Partnership Agreement স্বাক্ষরিত হয়। • Engineering Dimension International Investment LLC (EDII) এর সাথে গত ২৯-০৬-২০২০ তারিখে জয়েন্ট ভেঞ্চার এগ্রিমেন্ট স্বাক্ষরিত হয়। জয়েন্ট ভেঞ্চার কোম্পানির কাজ এগিয়ে নেয়ার নিমিত্ত ০২(দুই)টি কমিটি গঠন করা হয়েছে; (১) Land Demarcation Committee এবং (২) প্রোগ্রেস মনিটরিং কমিটি। Saudi Bangla Integrated Cement Company Limited (SBICCL) নামক কোম্পানি গঠন গত ২৮-০৬-২০২১খ্রি. তারিখে সম্পন্ন হয়েছে। • Long Belt Conveyer (LBC) স্থাপনের বিষয়ে প্রণীত Techno Economic Feasibility Report পর্যালোচনাপূর্বক মতামত সম্বলিত পত্র গত ০৬-০৯-২০২২খ্রি. তারিখে চেয়ারম্যান, EDII বরাবর প্রেরণ করা হয়েছে। Long Belt Conveyer (LBC) স্থাপনের জন্য Engineering Procurment Construction Finance (EPCF) পদ্ধতিতে Tender আহ্বান করা হয়েছে। Tender মূল্যায়ন কার্যক্রম চলমান আছে। • প্রাপ্ত Techno Economic Feasibility Report ও Tender-এ কিছু ত্রুটি-বিচ্যুতি থাকায় তা নিরসনের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় কর্তৃক একটি কমিটি গঠন করা হয়েছে। ২৬-০১-২০২৩খ্রি. তারিখ কমিটির সভা আহবান করা হয়েছে। • ১৮ কি.মি. দীর্ঘ Long Belt Conveyer (LBC) স্থাপনের নিমিত্ত SBICCL কর্তৃপক্ষ ১২-০৬-২০২২খ্রি. তারিখ পর্যন্ত টেন্ডার জমা দেয়ার সর্বশেষ তারিখ নির্ধারণ করে রি-টেন্ডার আহবান করা হয়েছিল। (BOE) Consulting Firm দ্বারা সম্পন্ন Feasibility Study, LBC এর Tender এবং আরো কিছু বিষয়ে BCIC ও EDII এর মধ্যে কিছু জটিলতার সৃষ্টি হয়েছে। এ জটিলতাগুলো নিরসনকল্পে শিল্প মন্ত্রণালয় কর্তৃক একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির প্রথম সভা আগামী ২৬-০১-২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। **৫। ঢাকা লেদার কো. লি (ডিএলসিএল):** ১১-১০-২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত ১৬৬তম ডিএলসিএল-এর কোম্পানী বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী বিসিআইসি'র সার কারখানাসমূহে ব্যবহৃত বিপুল সংখ্যক ব্যাগের চাহিদা বিবেচনায় ডিএলসিএল এর ১৮(আঠারো) একর জায়গায় একটি ওভেন পলিপ্রোপাইলিন ব্যাগ (ডব্লিউপিপি) কারখানা স্থাপনের নিমিত্তে BUET এর সাথে Memorandum of Understanding (MoU) স্বাক্ষরকরত: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে আর্থ-কারিগরি সমীক্ষা সম্পাদনের জন্য বিসিআইসি হতে নিম্নবর্নিত কার্যক্রম ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে। ক) আর্থ-কারিগরি সমীক্ষা সম্পাদনের লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত Expression of Interest (EoI) দলিলাদি প্রস্তুত করার জন্য কমিটি কর্তৃক Terms of reference (ToR) প্রস্তুত করা হয়। খ) ২৩-১০-২০২২ তারিখে বুয়েটের সাথে একটি Memorandum of Understanding (MoU) স্বাক্ষরিত হয়। গ) কমিটি কর্তৃক ToR অনুযায়ী বাস্তবসম্মত দাপ্তরিক ব্যয় প্রাক্কলন করা হয়েছে। ঘ) আর্থ-কারিগরি সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের নিমিত্ত দর প্রস্তাব চেয়ে বুয়েটে গত ০৩-০১-২০২৩ পত্র প্রেরণ করা হয়েছে।	

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫
		৬। উজালা ম্যাচ ফ্যাক্টরী লি. : ● নিমতলী দুর্ঘটনা ও চুড়িহাট্টা দুর্ঘটনার মত ভবিষ্যতে যে কোন দুর্ঘটনা রোধকল্পে পুরাতন ঢাকায় বিদ্যমান সকল রাসায়নিক কারখানা ও গুদাম জুরুরিভিত্তিতে নিরাপদ স্থানে স্থানান্তর করতে হবে এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ ও সংস্থা এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। (সময়: ৩০-০৪-২০১৯) ● অস্থায়ী ভিত্তিতে রাসায়নিক দ্রব্য সংরক্ষণের জন্য গুদাম নির্মাণ" শীর্ষক প্রকল্পটি গত ৩০-০৪-২০১৯ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটি বাস্তবায়নাধীন রয়েছে। **বাস্তবায়ন কাল** : মার্চ ২০১৯ হতে ডিসেম্বর ২০২২খ্রি. **বরাদ্দ:** ৭১৪৪.১৮ লক্ষ টাকা **ব্যয়:** ৫৩৭৯.৫১ লক্ষ টাকা	**৬। উজালা ম্যাচ ফ্যাক্টরী লি. :** ● মোট ৫৪টি গুদামের মধ্যে ৫৪টির নির্মাণ কাজ শেষ হয়েছে। এছাড়া বিসিআইসি অফিস (১ তলা ভবন), গোডাউন অফিস- ০১ ও ০২, সিকিউরিটি অফিস, ওভারহেড ওয়াটার ট্যাংক, ডিপ টিউবওয়েল- ১ ও ২, নিউট্রালাইজেশন পন্ড,বাউন্ডারী ওয়াল, Storm Drain, RCC Internal Road, আন্ডারগ্রাউন্ড ওয়াটার ট্যাংক, সেফটি ট্যাংক, সোক ওয়েল এবং পাবলিক টয়লেট এর কাজ সম্পন্ন হয়েছে। ● মসজিদ: civil work এর কাজ শেষ হয়েছে। ● সিকিউরিটি পোস্ট: সিকিউরিটি পোস্ট এর ৫ টির কাজ সম্পন্ন হয়েছে। ● Electrical ও ফায়ার ফাইটিং: সকল কাজ সম্পন্ন হয়েছে। ৩০ ডিসেম্বর, ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি : ● **আর্থিক অগ্রগতি:** ৫৩৭৯.৫১ লক্ষ টাকা (৭৫.৩০%) , **বাস্তব অগ্রগতি:** ৯৮.০০% **বিএসইসি:** ● মাননীয় প্রধানমন্ত্রী সৌদি আরবে সফরকালে (১৭-১৯ অক্টোবর, ২০১৮) বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি) এবং সৌদি আরবের 'ইঞ্জিনিয়ারিং ডাইমেনশন (ইডি)' নামক প্রতিষ্ঠান-এর সহিত গত ১৭-১০-২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে সৌদি আরবের রিয়াদে একটি MoU স্বাক্ষরিত হয়। ২০-১২-২০১৮ তারিখে শিল্প মন্ত্রণালয়ে ED ও GEMCO-এর মধ্যে Strategic Partnership চুক্তি স্বাক্ষর হয়। চুক্তির ধারাবাহিকতায় Registrar of Joint Stock Companies এ Saudi General Electric Manufacturing Company Limited (SGEMCO) নামে কোম্পানি গঠন করা হয়। প্রথম ফেজে বিনিয়োগের নিমিত্ত ট্রান্সফরমার উৎপাদন/সংযোজনের প্রয়োজনীয় মেশিনারীজ ও ইকুইপমেন্টস চীন হতে ইডি কর্তৃক এসজিইএমকো এর ফ্যাক্টরীতে গত ১২-১১-২০১৯ হতে ১৪-১১-২০১৯ তারিখে পৌঁছে। চীনের কারিগরি দল কর্তৃক Installation, Commissioning শেষ হয়েছে। ● যৌথ বিনিয়োগে বাংলাদেশ সরকারের শেয়ার হবে ৪৯% এবং ED এর শেয়ার হবে ৫১%। ইডি ও জিইএমকো'র মধ্যে স্বাক্ষরিত চুক্তির বিষয়ে শিল্প মন্ত্রণালয়ে গত ০৬-০৯-২০২২ খ্রি. তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত সংশোধনের জন্য শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, রাষ্ট্রায়ত্ত করপোরেশন এর সভাপতিত্বে ০৯-০১-২০২৩ তারিখে আরও ১টি সভা অনুষ্ঠিত হয়।	
০৯.	কপি রাইট অফিস এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর একত্রিত করে শিল্প মন্ত্রণালয়ের অধীনে আনতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে দ্রুত উদ্যোগ নিতে হবে **(নির্দেশনা নং-৯)** ২৪/৮/২০১৪খ্রি.	● সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন কপি রাইট অফিস এবং শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন পেটেন্ট , ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরকে একীভূত করে সমন্বিত আইপি অফিস প্রতিষ্ঠার লক্ষ্যে মুখ্যসচিব মহোদয়ের সভাপতিত্বে ১৯/১০/২০১৫ তারিখে সভা হয়। বিষয়টির ধারাবাহিকতায় অটোমেশনের কার্যক্রমে যুক্ত হওয়ার লক্ষে ডিপিডিটি হতে প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে।	**ডিপিডিটি:** ● মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় এর সভাপতিত্বে ০৪-০৮-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়: (ক) একটি সমন্বিত ডিজিটাল প্ল্যাটফর্ম এর মাধ্যমে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর এবং বাংলাদেশ কপিরাইট অফিস সমন্বিতভাবে কার্যক্রম পরিচালনা করবে এবং এক্ষেত্রে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর এবং কপিরাইট অফিসের কার্যক্রমকে একীভূত করে পৃথক কোন সংস্থা প্রতিষ্ঠার প্রয়োজন পড়বে না এবং নতুন করে আইন প্রণয়নেরও প্রয়োজন পড়বে না। (খ) দু'টি সংস্থার সফটওয়্যার এবং ডেটাবেজ সমন্বয়ের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কারিগরি সহায়তা প্রদান করবে। ডিপিডিটির সফটওয়্যারে কপিরাইট অফিস থেকে ব্যবহার করা গেলেও কপিরাইট অফিস এখনো প্রস্তুত নয় বিধায় তাদের সফটওয়্যারে ডিপিডিটির অফিস থেকে ব্যবহার করা যাচ্ছেনা। ● পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের নির্মিতব্য ভবনের জন্য নির্ধারিত জমির বিষয়ে মহামান্য উচ্চ আদালতে	ডিপিডিটি

ক্রঃ নং	প্রদত্ত নির্দেশনা	গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪	৫
